

“মুজিব বর্ষের আহ্বান,
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।



www.dss.kasba.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৫৩

তারিখঃ ০৪/০৩/২০২৪খ্রিঃ।

বিষয়: বীর মুক্তিযোদ্ধা আব্দুল আউয়াল ফাউন্ডেশন গ্রাম- খাড়েৱা বাজার, ডাকঘর- খাড়েৱা, উপজেলা-কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া নামে সংস্কার সরজমিনে পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্র- উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর ইস্যু নম্বর-৫৩ তারিখ- ১৭/০১/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীর মুক্তিযোদ্ধা আব্দুল আউয়াল ফাউন্ডেশন গ্রাম- খাড়েৱা বাজার, ডাকঘর- খাড়েৱা, উপজেলা-কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া এর নামে প্রত্যয়নের জন্য জনাব মাহবুব আলম (বাবু), সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল আউয়াল ফাউন্ডেশন আবেদন করেন। গত ১৪/০২/২০২৪ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে ফাউন্ডেশন পরিচালনা কমিটি এর সদস্যসহ এলাকার গন্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। উক্ত সংস্থাটির সুনাম, গ্রহনযোগ্যতা এবং প্রয়োজনীয়তা সরজমিনে যাচাই করা হয়। বীর মুক্তিযোদ্ধা আব্দুল আউয়াল ফাউন্ডেশন ২০১৯ খ্রিঃ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই সংশ্লিষ্ট এলাকায় সমাজসেবামূলক কার্যক্রম কাজ করে যাচ্ছেন। এই ফাউন্ডেশনের মাধ্যমে শীতবস্ত্র, ইফতার সামগ্রী বিতরণ, অসহায়দের আর্থিক সহায়তা করা হয়। এছাড়াও ফাউন্ডেশনের মাধ্যমে বিভিন্ন সচেতনতামূলক প্রচারণা যেমন, বনায়ন, যুব ও মহিলা উন্নয়নমূলক কার্যক্রম, শিক্ষা- স্বাস্থ্য, স্যানিটেশন, বাল্য বিবাহ ও যৌতুক বিরোধী প্রচারণা চালানো হয়। ফাউন্ডেশনে এলাকার সর্ব সাধারণের প্রবেশাধিকার আছে। স্থানীয় এবং উপজেলার জনপ্রতিনিধি সমন্বয়ে কর্মসূচী গ্রহণ করা হয়। সার্বিক বিষয় বিবেচনায়, বীর মুক্তিযোদ্ধা আব্দুল আউয়াল ফাউন্ডেশন গ্রাম- খাড়েৱা বাজার, ডাকঘর- খাড়েৱা, উপজেলা-কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া এর মাধ্যমে সংশ্লিষ্ট এলাকায় অধিকতর স্বেচ্ছাসেবী মূলক কার্যক্রম পরিচালনার সুযোগ আছে। সুতরাং, স্থানীয় জনসাধারণের প্রয়োজনের তাগিদে এবং সংশ্লিষ্ট এলাকার স্বার্থে বীর মুক্তিযোদ্ধা আব্দুল আউয়াল ফাউন্ডেশন গ্রাম- খাড়েৱা বাজার, ডাকঘর- খাড়েৱা, উপজেলা-কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া এর নামে প্রত্যয়ন প্রদানের বিষয়ে সুপারিশ করা হইল। এই বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হইল।

সংযুক্তিঃ-

১। উপজেলা চেয়ারম্যান এবং খাড়েৱা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র-০২ কপি।

মোহাম্মদ আলমগীর মিয়া
উপজেলা সমাজসেবা অফিসার
মোবাইল- ০১৭০৮৪১৪৭৫৬
টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬

উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।

[ইমেইল-usso.kashba@dss.gov.bd](mailto:usso.kashba@dss.gov.bd)

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৫৩

তারিখঃ ০৪/০৩/২০২৪খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
২. অফিস কপি।